

B.A. Semester-IV Examination, 2022-23**বাংলা [অনার্স]**

Course ID : 40113

Course Code : AH/BNG/403/C-10

Course Title : বাংলা জীবনী সাহিত্যের ধারা

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) 'রবীন্দ্র জীবনকথা' গ্রন্থের ক'টি খণ্ড?
- খ) ঠাকুর পরিবারের পদবিটি কীভাবে 'কুশারী' থেকে 'ঠাকুর' হল লেখো।
- গ) 'আমার জীবনে এইটিই আদিকবির প্রথম কবিতা' — কোন্ কবিতার কথা বলা হয়েছে এখানে?
- ঘ) শ্যাম কে ছিল? তার বাড়ি কোথায় ছিল?
- ঙ) 'যশোরের এই চারটি ঘটনা শুধু আমার মনে আছে' — ঘটনা চারটি উল্লেখ করো।
- চ) প্রমথ চৌধুরীর বড়দার নাম কী? তিনি রবীন্দ্রনাথের কোন্ কাব্য সম্পাদনা করেন?
- ছ) 'তাদের দিলাম এই লেখা খাতা।' — লেখক কাকে কেন খাতা দিলেন?
- জ) 'পদ্মদাসী' কে ছিল? লেখকের মতে তার 'পদ্ম' নামটি বেমানান ছিল কেন?

(পরের পাতায়)

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) রবীন্দ্রনাথের জন্মের পূর্বের পাঁচটা বছরকে 'বাংলার সমাজের পক্ষে মাহেত্রক্ষণ' বলা হয়েছে কেন, তা আলোচনা করো।
- খ) 'জীবনস্মৃতি'-র 'শিক্ষারস্তু' অংশ অবলম্বনে রবীন্দ্রনাথের শিক্ষা কীভাবে আরম্ভ হয়েছিল, তা আলোচনা করো।
- গ) 'আত্মকথা লিখতে আরম্ভ করি অতি দুঃসময়ে' — কী কী কারণে 'দুঃসময়' বলা হয়েছে তা আলোচনা করো।
- ঘ) 'গোবিন্দ খোঁড়া' চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) পাহাড়ে ভ্রমণ সূত্রে পিতার সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্ক কীভাবে গভীর হয়ে ওঠে, তা 'রবীন্দ্র জীবনকথা' অবলম্বনে আলোচনা করো।
- খ) 'জীবনস্মৃতি' অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনে 'ভৃত্য রাজকতন্ত্র' কী প্রভাব বিস্তার করেছিল, তা আলোচনা করো।
- গ) 'আত্মকথা' প্রবন্ধ অবলম্বন করে তৎকালীন কৃষকগণের সমাজচিত্র আলোচনা করো।
- ঘ) 'আপনকথা' গ্রন্থে লেখকের শৈশবে দেখা সময় কিভাবে ছবির মতো ফুটে উঠেছে, তা 'উত্তরের ঘর' অবলম্বনে আলোচনা করো।